# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

নয়াবাজার শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

## বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকা-এর ঋণ গ্রহীতা- নিশাত ট্রেডিং এন্ড কোং, স্বত্ত্বাধিকারী- জনাব খন্দকার এনামুর রশিদ,** পিতা- খন্দকার শমসের আলী, মাতা- রোকেয়া বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ আলীগঞ্জ, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ বর্তমান ঠিকানাঃ গ্রাম-নিশ্চিন্তপুর, ডাকঘরঃ কুতুবপুর, উপজেলা-নারায়ণগঞ্জ সদর, জেলা-নারায়ণগঞ্জ। স্থায়ী ঠিকানাঃ গ্রাম-চকবুলাকী, ডাকঘরঃ রাণীনগর, উপজেলা-নওগাঁ সদর, নওগাঁ, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৪/০৫/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট = ৩,২৯,২২,১৯৫.৮২/- (তিন কোটি উনত্রিশ লক্ষ বাইশ হাজার একশত পচানব্বই টাকা বিরাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## SCHEDULE OF THE PROPERTIES

For the land measuring 229.66 Decimal, All that piece and parcel of the land measuring more or less 229.66 (Two Hundred Twenty Nine point Six Six) Decimal along with all structures have already been constructed or to be constructed thereon, situated within District - Bogura, Police Station & Sub-Registry Office- Sherpur, under J.L No. C.S, M.R.R/S.A& B.R.S- 54, under Mouza- "Kamal Kha Udgao" appertaining to Khatian Nos. C.S-19, M.R.R/S.A- 41, & B.R.S- 41, corresponds to Dag Nos. C.S & M.R.R/ S.A- 05 & B.R.S- 24, having Mutation Khatian being No. 222, under Mutation Jote No. 151, along with all other common amenities and easement rights attached therewith- Butted and bounded by; On the North: Sree Dam, On the South: Atul Chandra Sarker On the East: Asutosh Chandra Sarker On the West: Bimal Chandra Sarker, For the land measuring 25.00 Decimal, All that piece and parcel of the land measuring more or less 25.00 (Twenty Five) Decimal out of 41.00 Decimal along with all structures have already been constructed or to be constructed thereon, situated within District - Bogra, Police Station & Sub-Registry Office- Sherpur, under J.L No. C.S, M.R.R/S.A & B.R.S- 54, under Mouza- "Kamal Kha Udgao" appertaining to Khatian Nos. C.S-19, M.R.R/S.A- 41, & B.R.S- 41, corresponds to Dag Nos. C.S & M.R.R/S.A- 02 & B.R.S- 05, having Mutation Khatian being No. 222, under Mutation Jote No. 151 along with all other common amenities and easement rights attached therewith- Butted and bounded by; On the North: Nikhil Chandra Sarker & Nabir Uddin, On the South: Atul Chandra Sarker, the East: Union Road, On the West: Porimal Sarker:

# নিলামের শর্তাবলী

(১) আগামী ২৯/০৫/২০২৫ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/ পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্তের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি), নয়াবাজার শাখা, ঢাকা ।**